গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাঙ্গলকোট, কুমিল্লা।

স্মারক নং- ৪১.০১.১৯৮৭.০০০.০০০.১৬.০০২৯.২৬. ১৭২ তারিখ : ২২/০৭/ ২০২৬ খ্রি:

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬-১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে নাঙ্গলকোট উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| পদের নাম | যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|
| তথ্য সংগ্রহকারী | • ন্যুনতম এইচএসসি বা সমমান পাস;<br>• বয়স: ১৮-৪০ বছর (৩১ জুলাই ২০২৬ তারিখে);<br>• ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর;<br>• সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান থাকতে হবে;<br>• বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম;<br>• শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত; | • নারী প্রার্থী ৫০%;<br>• স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী;<br>• পূর্বে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র জরিপে কাজের অভিজ্ঞতা; | • ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত;<br>• সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত;<br>• ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর;<br>• পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>• শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;<br>• দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র;<br>• এক কপি ছবি;<br>• এনআইডির অনুলিপি;<br>• স্থায়ী বাসিন্দা/ ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান আছে মর্মে সনদপত্রের অনুলিপি |
| **পদের নাম** | **যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| সুপার ভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | • ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস;<br>• বয়স: ২৫-৪৫ বছর (৩১ জুলাই ২০২৬ তারিখে);<br>• ট্যাবলেট/স্মার্টফোন ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা-ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নম্বর;<br>• তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান;<br>• দল-নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | • প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন;<br>• প্রতি গণনা এরিয়ার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Cheek);<br>• প্রতিদিন সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা;<br>• ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>• সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | • ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত;<br>• সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত;<br>• ব্যবহারিক পরীক্ষায় ৮০%- এর নিচে নম্বর;<br>• পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র;<br>• শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;<br>• দক্ষতা-অভিজ্ঞতার সনদপত্র;<br>• এক কপি ছবি;<br>• এনআইডির অনুলিপি;<br>• স্থায়ী বাসিন্দা মর্মে সনদপত্রের অনুলিপি |

CamScanner

| | | |
|---|---|---|
| আবেদন ফরম প্রাপ্তির স্থান | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, নাঙ্গলকোট,কুমিল্লা, সমাজসেবা কার্যালয়, এর ওয়েব সাইট: লিংক https://dss.nangalkot.gov.bd |
| আবেদন ফরম বিতরণের তারিখ | : | ২২ জুলাই ২০২৬ থেকে ২৫ জুলাই ২০২৬ বিকাল ৩:৪৫ ঘটিকা |
| আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, নাঙ্গলকোট; ২২ জুলাই ২০২৬ থেকে ২৫ জুলাই ২০২৬ বিকাল ৪:০০ ঘটিকা |
| পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, নাঙ্গলকোট এর নোটিশ বোর্ড ও উপজেলা সমাজসেবা কার্যালয়,নাঙ্গলকোট এর ওয়েব সাইট: লিংক https://dss.nangalkot.gov.bd এ দেয়া হবে। |

**শর্তাবলী:**

(১) তথ্য সংগ্রহকারী কর্তৃক শুমারী চলাকালীন নির্দেশনা মোতাবেক বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;

(২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যুনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে;

(৩) তথ্য-প্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে;

(৪) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি করা যাবে না;

(৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না;

(৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক;

(৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপুরণ প্রযোজ্য;

(৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ;

(৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেয়া হবে;

(১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে;

(১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী, তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য;

(১২) রিজার্ভারদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে; এবং

(১৩) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

২১/০৭/২৬

(মোঃ আবু রায়হান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
নাঙ্গলকোট, কুমিল্লা।
মোবাইল: ০১৭৩৩৩৫৪৯৪৭
Email: unonangolkot@gmail.com

CamScanner

স্মারক নং- ৪১.০১.১৯৮৭.০০০.০০০.১৬.০০২৯.২৬.১৭২ তারিখ : ২২/০৭/ ২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, ২৫৬কুমিল্লা-১০ (নাঙ্গলকোট,- লালমাই) কুমিল্লা।
২। জেলা প্রশাসক ,কুমিল্লা।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, নাঙ্গলকোট, কুমিল্লা
৫। প্রশাসক, নাঙ্গলকোট, পৌরসভা,নাঙ্গলকোট, কুমিল্লা।
৬। সহকারী কমিশনার (ভূমি), নাঙ্গলকোট, কুমিল্লা।
৭। অফিসার ইনচার্জ, নাঙ্গলকোট, কুমিল্লা থানা
৮। সদস্য..... . . . . . . . . . . . . . . .. ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, নাঙ্গলকোট, কুমিল্লা।
৯। সদস্য. . . . . . . . . . . . . . . . . . . . . ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, নাঙ্গলকোট, কুমিল্লা।
১০। উপজেলা...... . . . . . . . . . . . . . . . . . . .. ..কর্মকর্তা, নাঙ্গলকোট, কুমিল্লা।
১১। চেয়ারম্যান... .. . . . . . . . . . . . . . . ...ইউপি (সকল) নাঙ্গলকোট, কুমিল্লা।
১৩। অফিস নথি।

22/07/26

(মোঃ রাশেদ মিয়াজী)
উপজেলা সমাজসেবা অফিসার
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
নাঙ্গলকোট, কুমিল্লা।
মোবাইল: +০১৭২৩-৬১৪৯৩৩

CamScanner